

বর্ণাট্য আয়োজনে রামেকে হেমাটোলজি ডে উদযাপন

রাজশাহী ব্যুরো



ছবি : কালের কঠ

বর্ণাট্য আয়োজনে রাজশাহী মেডিক্যাল কলেজে (রামেক) হেমাটোলজি ডে-২০২৫ উদযাপিত হয়েছে।

এ উপলক্ষে শনিবার রামেকের কায়সার রহমান চৌধুরী অডিটোরিয়ামে উদ্বোধনী অনুষ্ঠান এবং
বৈজ্ঞানিক সেমিনার অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (রামেবি)

উপাচার্য অধ্যাপক ডা. মো. জাওয়াতুল হক।

রামেকের রক্ত রোগ বিভাগের বিভাগীয় প্রধান ডা. এম. মুর্শেদ জামান মি.এণ্ডিয় সভাপতিত্বে সেমিনারে

বিশেষ অতিথি ছিলেন রামেকের অধ্যক্ষ অধ্যাপক ডা. খন্দকার মো. ফয়সাল আলম।

সেমিনারে বক্তব্য দেন অধ্যাপক ডা. মো. আব্দুস সালাম, অধ্যাপক ডা. আজিজুল হক আজাদ,

অধ্যাপক ডা. আমিন লুৎফুল কবির, ডা. মো. আদনান হাসান মাসুদ প্রমুখ।

পরে ল্যাবরেটরি প্যাথলজি বিশেষজ্ঞ, নার্স এবং মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিস্টদের নিয়ে

পাশাপাশি তিনটি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। রামেক হাসপাতালে কনফারেন্স রুমে নার্সিং স্টাফদের,

পরমাণু চিকিৎসা কেন্দ্রের কনফারেন্স রুমে টেকনোলজিস্টদের জন্য এবং কায়সার রহমান চৌধুরী

অডিটোরিয়ামে হেমাটোলজিস্ট ও ল্যাব ডেস্ট্রিবিউটরদের জন্য ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়।

সবশেষে ইন্টার্ন চিকিৎসকদের জন্য একটি প্রেজেন্টেশন দিয়ে অনুষ্ঠান সমাপ্ত ঘোষণা করা হয়।

প্রতিটি সেশনের পরে অংশগ্রহণকারীদের জন্য ওয়ার্কশপের বিষয়ের ওপর আকর্ষণীয় কুইজ

কম্পিউটিশনের আয়োজন ছিল।

রামেকের হেমাটোলজি বিভাগ, হেমাটোলজি সোসাইটি অব বাংলাদেশ এবং রাজশাহী মেডিক্যাল
বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে বক্তৃরা হেমোলাইটিক অ্যানিমিয়া রোগীর চিকিৎসা পদ্ধতি,
রক্তক্ষরণজনিত রোগের মূল্যায়ন এবং বোন ম্যারো প্রতিস্থাপনের ওপর বিস্তারিত আলোচনা করেন।
তারা হেমাটোলজি বিষয়ের ব্যাপ্তি ও অগ্রসরতা দেখে সন্তোষ ও বিশ্ময় প্রকাশ করেন এবং বিষয়টির
উত্তরোত্তর সম্বন্ধি কামনা করেন।